

তুমি অন্যের সঙ্গে
কিরণ ব্যবহার কর
ঈশ্বর তা' দেখেন।



ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ
ঈশ্বর পিতা মাতাদের সাহায্য করেন যেন তারা ছেলেমেয়েদের যত্ন নেন।
অন্যের প্রতি তোমাদের কিরণ মনোভাব ঈশ্বর তা জানেন।
যারা অন্যের প্রতি অন্যায় করে ঈশ্বর তাদের শাস্তি দেন।
ঈশ্বর চান তোমরা অন্যের প্রতি ভাল ব্যবহার কর।



বাইবেল থেকে এই অংশটি
পাঁচবার জোরে পড়।
আর কয়িন নিজের ভাই হেবলের সঙ্গে
আলাপ আলোচনা করলো এবং তাকে
মেরে ফেললো। পরে ঈশ্বর কয়িনকে
জিজ্ঞাসা করলেন।
তোমার ভাই হেবল কোথায় ? আদি ৪:৮,৯

এটা কি করতে পার ?

সঠিক উত্তরের চারপাশে একটা গোল চিহ্ন দাও-

১। যারা অন্যের প্রতি খারাপ
ব্যবহার করে, ঈশ্বর তাদের প্রতি
কি করেন ?

ভূলে যান / আশীর্বাদ করেন / শাস্তি দেন।

২। অন্যের উপর রাগ হলে
ঈশ্বর কি সেটা জানেন ?

হঁ/না/মাঝে মাঝে।

৩। কে তার ভাইকে খুন করলো ?

আদম/হেবল/কয়িন।

সঠিক উত্তর

১। শাস্তি দেন, ২। হাঁ ও কয়ন

তোমাদের শেখার জন্য কতগুলো শব্দ
 ‘দান’ একটি জিনিস যা মানুষ ইশ্বরের উদ্দেশ্যে দেয়।
 ‘উৎসর্গ’ হ’লো একটা জীবন্ত বল যা মানুষের মঙ্গল ডেকে
 আনে।

ইশ্বর পিতামাতাদের সাহায্য করেন
 যেন তারা ছেলেমেয়েদের যত্ন মেন।

নীচে বিন্দু • হতে • বিন্দু পর্যন্ত

শব্দগুলির নীচে লম্বা দাগ দাও।

আদম ও হাবার অনেক সন্তান

সন্ততি ছিল। তাদের প্রথম সন্তান

ছিল কয়ন এবং ন্বিতীয় সন্তান হেবল। কয়ন ও

হেবল তাদের প্রথম দুই সন্তান; এরা ছিল

প্রথিবীতে প্রথম দুই ভাই।

আদম ও হাবাকে কঠোর পরিশ্রম

করতে হয়েছিল এই দুই সন্তানকে

মানুষ করতে।

• ইশ্বর এই কাজে তাদের

সাহায্য করেছিলেন। •



তাদের কৃষি কাজ করে ও তার যত্ন
 নিয়ে নিজেদের খাবার যোগাড় করতে

হতো। তারা ছাগল, ভেড়া প্রভৃতি

ও কাপড় পালন করতো যেন দুধ, মাখন

চোপড় সেগুলো থেকে পেতে পারে।

• তারা তাদের সব ছেলে মেয়েদের কাজ
 করতে শিখিয়েছিল এবং ইশ্বরকে ভলবাসতে
 শিখিয়েছিল •

ঈশ্বর জানেন তৃতীয় অন্যদের উপর কিন্তু ভাব
পোষণ কর

কয়িন তার ভূমির সমস্ত ফল
ঈশ্বরের উদ্দেশ্যে দান করলো। হেবলও
তার পাপের জন্য ঈশ্বরের উদ্দেশ্যে একটি
মেষ উৎসর্গ করলো।

● ঈশ্বর কয়িন, হেবল উভয়কেই ভাল বাসতেন
তিনি তাদেরকে তার কাছে আসার পথ দেখিয়ে
দিলেন। হেবল তার পাপের জন্য যে উৎসর্গ
এনেছিল কয়িনেরও সেরকম আনা উচিত ছিল
ঈশ্বর হেবলকে আশীর্বাদ করলেন ও তার
পাপ শূন্মা করলেন।



ঈশ্বর



কয়িন ঈশ্বরের কথা শুনতে চায়নি।
• ঈশ্বর জানতেন কয়িন যদি রেগে থাকে তবে
খারাপ কিছু করে বসতে পারে ● (তাই) তিনি
কয়িনের সংগে কথা বললেন এবং জিজ্ঞাসা করলেন
“কেন তৃতীয় রাগ করছো?”
কিন্তু কয়িন ঈশ্বরের কথায় কান দিল না। সে তার
ভাইকে ঘৃণা করতে লাগলো।

ঈশ্বর জানতেন কয়িনের অনোভাব।
কয়িন নিজের ইচ্ছামত চলতে চেয়েছে।
হেবলকে ঈশ্বর আশীর্বাদ করার জন্য কয়িন
ঈশ্বরের উপর রাগ করল। কয়িন হেবলের উপরও রাগ করল।

যারা অন্যের প্রতি খারাপ ব্যবহার করে
ঈশ্বর তাদের শাস্তি দেন।

ঝেন্ট্রের বাইরে একদিন সে হেবলকে বধ করলো।
এটা ছিল এক মারাত্মক পাপ,
কয়িন কি করেছিল ঈশ্বর তা দেখলেন।

● (তাই) ঈশ্বর বাধ্য হয়েছিলেন তাকে শাস্তি দিতে ●
ঈশ্বর কয়িনকে তার পরিবারের সংগে থাকতে দিলেন না।

কয়িন তার স্ত্রীকে নিয়ে অন্যত্র চলে গিয়ে সেখানে নিজে খেটে খেতে
লাগলো।



ঈশ্বর চান যেন তৃমি অন্যের প্রতি ভাল ব্যবহার কর।

অন্য লোককে ঘৃণা করা একটা পাপ।

মানুষের মধ্যে এই ধরনের পাপ, একে অন্যের প্রতি আঘাত হানে। তাদের মধ্যে এই ধরনের পাপ পারস্পরিক ঝগড়া বাধায় ও একে অন্যকে খুন করে।

পাপ মানুষকে একে অন্যের থেকে বিছিন্ন করে দেয়, পাপ ঘর ভাঁগে।

পাপ



ঈশ্বর আমাদের পাপ ছফ্মা করে আমাদেরকে ভাল করতে চান।

● তিনি আমাদের মধ্য থেকে খারাপ মনোভাব দূর করে

একের প্রতি অন্যের ভালবাসা বাঢ়িয়ে দিতে চান। ●

(তাহলে) সব সময়ের জন্য আমরা খুশী থাকবো।

তৃমি কি এখনও অন্যের উপর রাগ করেছ?

তৃমি কি ঈশ্বরের কাছে বলেছ এই খারাপ মনোভাব তুলে নিতে।

তৃমি কি অন্যের সংগে সজ্ঞাব রাখতে চাও?

এই প্রার্থনাটি মুখস্থ কর-

প্রার্থনা-

হে প্রভু, আমাকে কয়নের মত করো না। অন্যের প্রতি ভাল ব্যবহার করতে আমাকে শিক্ষণ দেও। আমার রাগের চিন্তা ও কথাগুলো তৃমি ছফ্মা কর এবং আমাকে সাহায্য কর যাতে অন্যের প্রতি প্রেম, দয়া ও ভাল ভাব দেখাতে পারি।

এবারে পঞ্চম পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।

